**BR**

# 2024

# M. A. First Semester (CBCS) Examination

## Bengali

## Course - CC 1.1

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

১। প্রাচীন ও মধ্যযুগে বাঙালি রচিত অ-বাংলা সাহিত্যের পরিচয় দিয়ে বাংলা সাহিত্যের সঙ্গে তাদের যোগ দেখাও। ১০

*অথবা*

চর্যাগীতিসমূহের ধর্মনিরপেক্ষ গুণ বিচার করো।

২। মঙ্গলকাব্যের সাধারণ বৈশিষ্ট্য নির্দেশ করে এ জাতীয় কাব্য উদ্ভবের আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপট সংক্ষেপে লেখো। ৫+৫=১০

*অথবা*

ধর্মমঙ্গলকে রাঢ়ের জাতীয় মহাকাব্য বলা যায় কি না বিচার করো।

৩। নাথধর্মের সাধারণ পরিচয় দাও। বাংলা সাহিত্যে নাথ সাহিত্যের গুরুত্ব দেখাও। ৫+৫=১০

*অথবা*

মধ্যযুগীয় বাংলা সাহিত্যে 'ময়মনসিংহ গীতিকা'র স্বাতন্ত্র্য নির্ণয় করো।

৪। বিদ্যাপতির বিদ্যাবত্তা ও কবিপ্রতিভার পরিচয় দিয়ে তাঁকে কেন বাংলা সাহিত্যের অন্তর্ভুক্ত করা হয়, তা বিচার করো। ১০

*অথবা*

বৈষ্ণব ভাবাপন্ন মুসলমান কবিদের কৃতিত্ব বিচার করো।

**BR**

# 2024

# M. A. First Semester (CBCS) Examination

## Bengali

## Course - CC 1.2

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। চর্যাগীতিতে বিধৃত বৌদ্ধ সহজিয়া সাধনতত্ত্ব সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা*

'কাআ তরুবর পঞ্চবি ডাল' পদটির বাচ্যার্থ ও গূঢ়ার্থ লেখো।

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'বংশীখণ্ড' অবলম্বনে 'বংশীব্যাকুলা' রাধার পরিচয় দাও। ১০

*অথবা*

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' অংশের সঙ্গে বৈষ্ণব-পদাবলীর কোনো সংযোগ আছে কি-না, তা যুক্তিসহ বুঝিয়ে লেখো।

৩। আক্ষেপানুরাগের সর্বস্ব চণ্ডীদাস, চণ্ডীদাসের সর্বস্ব আক্ষেপানুরাগ—মন্তব্যটি বিশ্লেষণ করে 'আক্ষেপানুরাগ' পর্যায়ে চণ্ডীদাসের কবি-প্রতিভার মূল্যায়ন করো। ১০

*অথবা*

'মাথুর' পর্যায়ে বিদ্যাপতি রাধার যে অতলস্পর্শ বিরহ-বেদনার বাণীরূপ নির্মাণ করেছেন, তা দৃষ্টান্তসহ উপস্থাপন করো।

৪। 'পাগলিনী বিষ্ণুপ্রিয়া ভিজা বস্ত্র চুলে' পদটিতে বিষ্ণুপ্রিয়ার উৎকণ্ঠা লোকবিশ্বাস ও লোকসংস্কারের আশ্রয়ে কীভাবে প্রকাশ পেয়েছে, আলোচনা করো। ১০

*অথবা*

কবিশেখর রায়শেখরের পদাবলীতে ব্রজবুলি ভাষার নিপুণ ও সার্থক প্রয়োগ লক্ষ করা যায়। —মন্তব্যটির যাথার্থ্য নিরূপণ করো।

---

**BR**

# 2024

## M. A. First Semester (CBCS) Examination

## Bengali

## Course - CC 1.3

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। কৃত্তিবাসী রামায়ণের 'আত্মবিবরণী' অংশের বর্ণনা করে এর গুরুত্ব বুঝিয়ে দাও। ১০

*অথবা*

'কৃত্তিবাসী রামায়ণ' বাল্মীকি রামায়ণের অনুসরণে রচিত হলেও কৃত্তিবাসের মৌলিকতার যে পরিচয় পাওয়া যায়, কাব্য অনুসরণে সেগুলির পরিচয় দাও।

২। 'শ্রীকৃষ্ণবিজয়কাব্যে'র সমাজচিত্রে যে বাঙালিয়ানার পরিচয় পাওয়া যায় তা উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

*অথবা*

'শ্রীকৃষ্ণবিজয় কাব্যে' পৌরাণিক চরিত্র সৃজনে মালাধর বসুর কৃতিত্ব বিচার করো।

৩। 'নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে'—'অন্নদামঙ্গল কাব্য' সম্পর্কে এই উদ্ধৃতির মূল্যায়ন করো। ১০

*অথবা*

ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গলকাব্যে'-র ভাষা, ছন্দ ও অলঙ্কার বিন্যাস সম্পর্কে আলোচনা করো।

৪। টীকা লেখো (যে কোনো দুটি) ৫×২=১০

(ক) হরিশ্চন্দ্র কাহিনী।

(খ) রামের বিবাহ।

(গ) কুম্ভকর্ণের পতন।

(ঘ) রাবণের নিকট রামের রাজনীতি শিক্ষা।

---

# 2024
# M. A. First Semester (CBCS) Examination
## Bengali
## Course - CC 1.4

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

১। বাংলা গদ্যের উন্মেষকালে গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সংক্ষেপে জানাও। ১০

*অথবা*

'বঙ্গদর্শন' থেকে 'সবুজপত্র'—এই পর্বে বাংলা উল্লেখযোগ্য সাময়িক পত্রগুলির নাম উল্লেখ করো এবং বাংলা সাহিত্যের বিকাশে পত্রগুলির ভূমিকা বুঝিয়ে বলো।

২। মাইকেল মধুসূদন দত্ত বাংলা কবিতাকে কীভাবে সমৃদ্ধ করেছিলেন, আলোচনা করো। ১০

*অথবা*

যতীন্দ্রনাথ সেনগুপ্ত, মোহিতলাল মজুমদার এবং নজরুল ইসলাম রবীন্দ্রপর্বেই কবিতায় কীভাবে তাঁদের স্বতন্ত্র—স্বর ব্যক্ত করেছিলেন, বুঝিয়ে বলো।

৩। নাট্যকার হিসাবে কয়েকটি নাটকের আলোচনার সূত্রে রবীন্দ্রনাথের মূল্যায়ন করো। ১০

*অথবা*

বাংলা ঐতিহাসিক নাট্যধারায় গিরিশচন্দ্র ঘোষ এবং দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান জানাও।

৪। কোন্ গুণে কথাকার শরৎচন্দ্র তাঁর সমকালে সবচেয়ে জনপ্রিয় হয়ে উঠেছিলেন, আলোচনা করো। ১০

*অথবা*

টীকা লেখো (যে কোনো দুটি) ৫+৫=১০

(ক) বঙ্কিমচন্দ্রের একটি সামাজিক উপন্যাস

(খ) দীনবন্ধু মিত্র

(গ) কল্লোল পর্বের একজন কবি

(ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের একটি গল্প

BR

# 2024

# M. A. First Semester (CBCS) Examination

## Bengali

## Course - CC 1.5

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

১. যে কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

(ক) 'গাইব, মা, বীররসে ভাসি,
মহাগীত;'—কবির দেওয়া এই প্রতিশ্রুতি কতটা রক্ষিত হয়েছে, সমগ্র 'মেঘনাদবধকাব্য' অনুসরণে দেখাও।

(খ) সুর ও রসের দিক থেকে ভিন্ন হওয়া সত্ত্বেও অখণ্ড 'মেঘনাদবধ কাব্যে' চতুর্থ সর্গের গুরুত্ব উপেক্ষার নয়। —আলোচনা করো।

(গ) 'মেঘনাদবধ কাব্যে'র নামকরণ কতটা যথাযথ, বিচার করো।

(ঘ) 'মেঘনাদবধ কাব্যে'র চিত্রাঙ্গদা চরিত্রটি যতটা পৌরাণিক, তার চেয়ে বেশি আধুনিক। —আলোচনা করো।

২. যে কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

(ক) 'সূর্যাবর্ত' গ্রন্থের পাঠ্য কবিতা অবলম্বনে সংক্ষেপে রবীন্দ্র কাব্য প্রবাহের পরিচয় দাও।

(খ) 'মুক্তি' কবিতার বিষয়ের পরিপ্রেক্ষিতে এ কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'অপমানিত' কবিতায় প্রতিফলিত কবির জীবনদর্শন উদ্‌ঘাটিত করো।

(ঘ) 'দুঃসময়' কবিতায় রবীন্দ্রনাথের কবিমানস কীভাবে ভাষা পেয়েছে, বুঝিয়ে দাও।

———